**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.msw.gov.bd**

বিষয়: **সমাজকল্যাণ মন্ত্রণালয়ের জানুয়ারি ২০১৮'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : **মোঃ জিল্লার রহমান, সচিব,** সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ ও সময় : ২৮ জানুয়ারি **২০১৮, বেলা ১১.৩০ টা।**
সভার স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ # ৩২৩, ভবন # ৬, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা: **পরিশিষ্ট-'ক'**।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় আলোচনা করেন। সভার আলোচ্যসূচি অনুসারে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| **ক্রম** | **আলোচ্য বিষয়** | **আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নকারী প্রতিষ্ঠান/কর্মকর্তা** |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | **ডিসেম্বর**-২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ | **ডিসেম্বর**-২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা হয়। | কোনরূপ সংশোধন/ সংযোজন না থাকায় **ডিসেম্বর**-২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | অতিরিক্ত সচিব (সকল) ও সংস্থা প্রধানগণ, সকম। |
| ২. | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সমাজকল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা; | ক. সভায় জানানো হয় যে, ২ নভেম্বর ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সমাজকল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ৫ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ অব্যাহত আছে।<br><br>খ.'দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ' বিনির্মাণে 'সমন্বিত ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রম'-এর সম্ভাব্যতা পর্যবেক্ষণের জন্য এ মন্ত্রণালয়ের সচিব এর নেতৃত্বে একটি প্রতিনিধি দল নভেম্বর-২০১৭ মাসের প্রথম সপ্তাহে ভৈরব উপজেলার শিবপুর ইউনিয়নের ছনছাড়া গ্রাম সরেজমিনে পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনকালে প্রাপ্ত পর্যবেক্ষণ, উপস্থিত সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তা এবং স্থানীয় জনগণের মতামতের আলোকে 'সমন্বিত ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রম' এর খসড়া নীতিমালা বাস্তবায়নের বিষয়ে নির্দেশনা প্রদানের অনুরোধ জানিয়ে গত ১৪/১২/২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। | ক. মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহের হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন সংকলন করে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>'দারিদ্র্য ও ক্ষুধামুক্ত বাংলাদেশ' বিনির্মাণে 'সমন্বিত ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রম' এর অগ্রগতি মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), সকম ও সংস্থা প্রধানগণ, উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা)<br><br>অতিরিক্ত সচিব (কার্যক্রম), সহকারী সচিব, (সানিশা) সকম। |
| ৩. | ডিজিটাল নথি ব্যবস্থাপনা; | সভায় আলোচনা হয় যে, মন্ত্রণালয়ের ডিজিটাল নথি ব্যবস্থাপনা কার্যক্রম চলমান রয়েছে। ১-১৫ জানুয়ারি ২০১৮ পর্যন্ত ডাক গ্রহণ ৪২৬টি, অনিষ্পন্ন ডাক ৪৯১টি, নোটে নিষ্পন্ন ডাক ২৩৩টি, পত্র জারী ১৮৩টি, স্ব উদ্যোগে নোট ১৯৯টি, ডাক থেকে সৃজিত নোট ১৭৭টি, জানুয়ারি মাসে সমাজকল্যাণ মন্ত্রণালয় ই-ফাইলিং এ ৯তম স্থানে আছে । মন্ত্রণালয়ের অবস্থান ১১ তম থেকে ০৯ তম তে আসায় সচিব মহোদয় সন্তোষ প্রকাশ করেন এবং নথি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ডিজিটাল নথি ব্যবস্থাপনার গতিশীল অগ্রগতি অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), সকম যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | জাতীয় শুদ্ধাচার কৌশল আলোকে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত; | ক. শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ে কর্মপরিকল্পনার ২০১৭-২০১৮ অর্থবছরের দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদন গত ১৫.০১.২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত প্রার্থী চূড়ান্ত করার লক্ষ্যে আগামী ৩০/০১/২০১৮ তারিখে শুদ্ধাচার পুরস্কার কমিটির সভা আহবান করা হয়েছে। | ১. শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন নিয়মিত মনিটরিং করতে হবে।<br>২. মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য প্রার্থী চূড়ান্ত করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) সকম। |
| | | খ. কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা বিধি প্রণয়নের বিষয়ে অধিদফতর থেকে প্রস্তাব পাওয়া যায়নি । কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা বিধি প্রনয়নের বিষয়ে আটবার তাগিদ পত্র দেয়া সত্ত্বেও মতামত পাওয়া যায়নি।<br><br>সমাজকল্যান মন্ত্রণালয়ের ২৮ ডিসেম্বর ২০১৭'র মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী মতামত দিতে বিলম্ব হওয়ার বিষয়ে গত ১৫.০১.২০১৮ তারিখের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য মহাপরিচালক, সমাজসেবা অধিদফতরকে পত্র দেয়া হয়েছে। একই সাথে অধিদফতরের আইন/বিধি সংশ্লিষ্ট কর্মকর্তার অদক্ষতার কারনে তাকে কারণ দর্শানোর জন্য মহাপরিচালক, সমাজসেবা অধিদফতরকে পত্র দেয়া হয়েছে। এখন পর্যন্ত কোন জবাব পাওয়া যায়নি।<br><br>পিতা-মাতার ভরণ-পোষণ বিধিমালা প্রণয়নের বিষয়ে অধিদফতর থেকে প্রস্তাব পাওয়া গেছে। বর্তমানে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে খসড়া মতামতটি আপলোড করা হয়েছে এবং এ সংশ্লিষ্ট ষ্টেক হোল্ডারদের থেকে মতামত আহবান করা হয়েছে।<br><br>দি প্রবেশন অব অফেন্ডার্স অধ্যাদেশ ১৯৬০ রহিত করে নতুন আইন প্রণয়নের নিমিত্ত আইনের খসড়ার উপর স্টেকহোল্ডারদের মতামত পাওয়া গেছে। প্রাপ্ত মতামতের সমন্বিত প্রতিবেদন তৈরী করা হয়েছে। গত ১০/০১/২০১৮ তারিখ আন্তমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে ।<br><br>স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৭ এর খসড়া মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আইন প্রণয়নের লক্ষ্যে গঠিত আন্ত:মন্ত্রণালয় কমিটির ২২/০৮/২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী খসড়াটি প্রস্তুত করে সর্বসাধারনের মতামতের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েভসাইটে আপলোড করা হয়েছে। এ আইনের সাথে অন্য কোন আইন সাংঘর্ষিক কিনা তা পরীক্ষা করে মতামত দেয়ার জন্য সমাজসেবা অধিদফতর, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, নিউরো-ডেভলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাষ্ট এবং নিউরো –ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাষ্টি বোর্ডকে তাগিদপত্র দেয়া হয়েছে। জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন হতে, এই আইনটি অন্যান্য আইনের সাথে সাংঘর্ষিক নয় মর্মে জানানো হয়েছে। অন্যান্য প্রতিষ্ঠান হতে কোন মতামতা পাওয়া যায়নি। | খ. বিভিন্ন সংস্থার জন্য প্রযোজ্য আইন ও বিধি, বিধিমালা প্রণয়ন ত্বরানিত্ব করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), সংস্থা প্রধানগণ ও উপসচিব (আইন, ও সংস্থা রেজি: অধিশাখা), সকম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন ২০১৭ এর প্রণীত খসড়া মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক আইন প্রণয়নের ক্ষেত্রে ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এবং সংশ্লিষ্ট অপরাপর আইনের সাথে সামঞ্জস্য বিধানের লক্ষ্যে গঠিত আন্তঃ মন্ত্রণালয় কমিটি বরাবর প্রেরণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের আইন শাখা হতে খসড়াটি বাংলা ভাষা বস্তবায়ন কোষের মতামত গ্রহণ করার জন্য পরামর্শ দেয়া হয়। সে প্রেক্ষিতে আইনের খসড়াটি বাংলা ভাষা বাস্তবায়ন কোষে প্রেরণ করা হয়। এরপর বাংলাভাষা বাস্তবায়ন কোষ থেকে প্রাপ্ত প্রমিতকৃত প্রতিবেদনটি মন্ত্রীপরিষদের উপকমিটির নিকট প্রেরণ করা হয়েছে।<br><br>গ. প্রতিবন্ধী বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনার খসড়া’র উপর ১৪টি বেসরকারি সংস্থার নিকট থেকে মতামত পাওয়া যায়। সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানের পক্ষ থেকে আবেদনের প্রেক্ষিতে সময় বৃদ্ধি করা হয়।তাদের সুপারিশের প্রেক্ষিতে জাতীয় কর্মপরিকল্পনার চূড়ান্ত খসড়া প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল।মন্ত্রণালয় এ বিষয়ে গত ১৪/১২/১২০১৭ তারিখে সভা করে কর্মপরিকল্পনা আরও সুনির্দিষ্ট করার লক্ষ্যে একটি উপকমিটি গঠন করেছে।উপকমিটি এ বিষয়ে কাজ করছে মর্মে আলোচনা হয়।<br><br>ঘ. প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রস্তুতকৃত ডাটা বেইজ ব্যবহার ও প্রকাশ সংক্রান্ত নীতিমালা প্রণয়ণের কাজ চলমান আছে মর্মে আলোচনা করা হয়। | গ. প্রতিবন্ধী বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনার অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রেরণ করতে হবে।<br><br>ঘ. মার্চ-২০১৮ মাসের মধ্যে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রস্তুতকৃত ডাটা বেইজ ব্যবহার ও প্রকাশ সংক্রান্ত নীতিমালা প্রকাশ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা), উপসচিব (প্রতিবন্ধিতা), সকম।<br><br>মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর |
| ৫. | সমাজসেবা অধিদফতর | ক) সভায় আলোচনা হয় যে, **১ম শ্রেণির পদ: সমাজসেবা অধিদফতরের পরিচালকের অনুমোদিত পদ ১১টি। বর্তমানে পরিচালকের কোন পদ শূন্য নেই।**<br><br>**খ)সমাজসেবা অধিদফতরের অতিরিক্ত পরিচালকের অনুমোদিত পদ ০৯(নয়)টি। বর্তমানের অতিরিক্ত পরিচালকের কোন পদ শূন্য নেই।**<br><br>**গ)সমাজসেবা অধিদফতরের** উপপরিচালকের অনুমোদিত পদ ৯৫(পঁচানব্বই) টি। বর্তমানে উপপরিচালকের **কোন পদ শূন্য নেই।**<br><br>ঘ) **সমাজসেবা অধিদফতরের সহকারী পরিচালকে**র অনুমোদিত মোট পদ ১২০টি । বর্তমানের সহকারী পরিচালকের **কোন পদ শূন্য নেই।**<br><br>ঙ) **সমাজসেবা অফিসার/সমমানের** অনুমোদিত মোট পদ ৯৩৩টি। | (১) সমাজসেবা অধিদফতরের পরিচালক, অতিরিক্ত পরিচালক, উপপরিচালক,সহকারী পরিচালক ইত্যাদি ১ম শ্রেণি ও ২য় শ্রেণির শূন্যপদ পূরণের কার্যক্রম চলমান রাখতে হবে।<br><br>(২) ১ম শ্রেণির ৩১টি পদের পদোন্নতির জন্য পিএসসিতে পত্র প্রেরণ করতে হবে।<br><br>(৩) ২য় শ্রেণির ৫৫জনের পদোন্নতির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(৪) ৩য় ও ৪র্থ শ্রেণির সকল শূন্য পদ পূরণের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি দিতে হবে।<br><br>(৫) পদোন্নতি ও শূন্যপদ পূরণের হালনাগাদ তথ্যাদি বিস্তারিতভাবে আগামী সমন্বয় সভার পূর্বে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর অতিরিক্ত সচিব (প্রশাসন) , সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৬ শাখা), সকম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | * বর্তমানে ১ম শ্রেণির মোট শূন্য পদ ১৫৩টি (চাকুরিতে যোগদান না করায়, পিআরএল গমন, ইস্তফা প্রদান ইত্যাদি)।<br><br>*১৫৩টি পদের ১০% হিসাবে ১৫ (পনের)টি পদ সংরক্ষণ যোগ্য । ২০% হিসাবে ৩১ (একত্রিশ) টি পদ পদোন্নতির জন্য সংরক্ষিত। অবশিষ্ট ১০৭ টি পদের মধ্যে ১০২ টি পদ পূরণের প্রস্তাব গত ৩১/১০/২০১৭ তারিখে পিএসসিতে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ০৫ টি পদের মধ্যে পিএসসি ২ জনের সুপারিশ করেছে, ১ জনের এসিআর ত্রুটি বিচ্যুতি সংশোধনের জন্য বলা হয়েছে।অবশিষ্ট ২ টি পদ পূরণের জন্য সমাজসেবা অধিদফতর হতে প্রস্তাব চাওয়া হয়েছে।<br><br>**চ) ২য় শ্রেণির মোট অনুমোদিত পদ ৪৫৫টি। বর্তমানে কর্মরত ১৩৪ জন। অবশিষ্ট ৩২১ টি পদের মধ্যে ২১৩ টি পদ** সহকারী সমাজসেবা অফিসারের পদ গত ০৬/০৮/২০১৭ তারিখে সৃজন হয়েছে। উক্ত ২১৩ টি পদ বিদ্যমান নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত করনের জন্য নিয়োগবিধি সংশোধনের কাজ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন।<br>* ২য় শ্রেণির বিভিন্ন ক্যাটাগরির ১০৮ টি শূন্য পদের মধ্যে ১০% হিসাবে ১১ টি পদ সংরক্ষণ করা হয়েছে অবশিষ্ট ১০৮-১১=৯৭ টি পদের মধ্যে ৫৫ টি পদ পূরণের জন্য গত ৩১/১০/১০১৭ তারিখে পিএসসিতে প্রেরণ করা হয়েছে<br><br>*অবশিষ্ট ৯৭-৫৫=৪২ টি শূন্য পদের মধ্যে ৬ টি পদ পদোন্নতির জন্য অপেক্ষমান। অবশিষ্ট ৪২-৬=৩৬ টি পদের প্রস্তাব প্রেরণের জন্য মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর কে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>**৩য় শ্রেণি: তৃতীয় শ্রেণির মোট অনুমোদিত পদ ৬৪২৬টি। বর্তমানে শূন্য পদ ৯৯৮টি।**<br><br>৩য় শ্রেণির ৭২ টি শূন্য পদের ছাড়পত্র পাওয়া গেছে। যথাশীঘ্রই নিয়োগ প্রদান করা হবে।<br><br>**৪র্থ শ্রেণি: চতুর্থ শ্রেণির মোট অনুমোদিত পদ ৪২৫২টি। বর্তমানে শূন্য পদ ৫৬৪টি।**<br><br>৪র্থ শ্রেনীর পদগুলো সরকারি বিধি-বিধান অনুযায়ী সরাসরি ও পদোন্নতি পন্থায় নিয়োগ প্রদান করা হবে। | | |
| ৬. | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ১৩২ নিউ ইস্কাটনস্থ নিজস্ব জায়গায় বহুতল বিশিষ্ট "সমাজকল্যাণ ভবন" নির্মাণের জন্য গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রণীত ডিপিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। গত ৩১.১২.২০১৭ তারিখ খ্রিঃ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এর নির্বাহী সচিব প্রকল্প পরিচালকের অতিরিক্ত দায়িত্ব পালন করবেন এবং একই সংস্থার কর্মচারীগণের মাধ্যমে সহায়ক দায়িত্ব পরিপালন করা হবে মর্মে সিদ্ধান্তের আলোকে খসড়া ডিপিপি পুন:সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নিজস্ব জমিতে ''সমাজকল্যাণ ভবন'' নিমার্ণের অগ্রগতি নিয়মিত অবহিত করতে হবে। | নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ) | সভায় আলোচনা হয় যে, মিরপুরস্থ আল-নাহিয়ান উচ্চ বিদ্যালয়টিকে লাভজনক করার বিষয়ে ট্রাষ্টি বোর্ডের ৯৯ তম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন হওয়া দরকার। | মিরপুরস্থ আল-নাহিয়ান উচ্চ বিদ্যালয়টিকে লাভজনককরণে অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ)। |
| ৮. | শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প | মৈত্রী শিল্পের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের লক্ষ্যে জেলা/উপজেলা পর্যায়ে বাজার সম্প্রসারণের কার্যক্রম চলমান রয়েছে। ময়মনসিংহ ও খুলনা বিভাগে বিপণনের পাইলট কার্যক্রম চলছে। অন্যান্য বিভাগে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। একইসাথে মৈত্রী শিল্পের ক্রমবর্ধমান উৎপাদন বৃদ্ধির সাথে বিপণন কার্যক্রম জোরদারের লক্ষ্যে তারকাদের সমন্বয়ে বিজ্ঞাপন তৈরির বিষয়ে গত ২২/০৮/২০১৭ তারিখের ৮১তম বোর্ড সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সে মোতাবেক বিজ্ঞাপন প্রচার করার কাজ প্রক্রিয়াধীন আছে। | (১) মৈত্রী শিল্পের উৎপাদিত পানি বাজারজাতকরণে সমাজসেবা অধিদফতরের বিভাগীয় পরিচালকগণ সহায়তা করবেন।<br><br>(২) মৈত্রী শিল্পের উৎপাদিত পানি এবং প্লাষ্টিক সামগ্রীর আয়-ব্যয় ও মুনাফার হিসাব পৃথক ভাবে সংরক্ষণ ও উপস্থাপন করতে হবে। | নির্বাহী পরিচালক (যুগ্মসচিব), শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প। |
| ০৯. | নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট | দেশের অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাস্থ্য ও জীবন ঝুঁকি হ্রাস কল্পে তাদেরকে স্বাস্থ্য ও গ্রুপ বীমার আওতায় আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জীবন বীমা কর্পোরেশনের বিদ্যমান পলিসিতে এ ধরণের প্রতিবন্ধী ব্যক্তিদের বীমা করণের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা না থাকায় জীবন বীমা কর্পোরেশন কর্তৃপক্ষের নীতি নির্ধারণী পর্যায়ে এনডিডি ব্যক্তিদের বীমাকরণের বিষয়টি বিবেচনাধীন রয়েছে। জীবন বীমা কর্পোরেশনের সঙ্গে এ বিষয়ে যোগাযোগ রক্ষা করা হচ্ছে। এ ছাড়া বিভিন্ন বীমা কোম্পানির সঙ্গে এ বিষয়ে যোগাযোগ করা হচ্ছে। ৫টি বীমা কোম্পানির সঙ্গে এ বিষয়ে আলোচনা হয়েছে। তাদের নিকট থেকে এনডিডি ব্যক্তিদের বীমাকরণের পলিসি বিষয়ক প্রস্তাব পাওয়ার পর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | এনডিডি ব্যক্তিদের বীমাকরণের পলিসি বিষয়ক অগ্রগতি পরবর্তী সমন্বয় সভার পূর্বে প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট। |
| ১০. | **বিবিধ**<br><br>ক. অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ক; | ক. ডিসেম্বর ২০১৭ পর্যন্ত সমাজকল্যান মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার সর্বমোট ৯৮৮টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। যাতে জড়িত অর্থের পরিমাণ ৯৭,৫৪,০৮৮৫৯/- টাকা।<br><br>**সমাজকল্যাণ মন্ত্রনালয়:** সমাজকল্যাণ মন্ত্রণালয়ে ডিসেম্বর ২০১৭ মাসে ১০টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। এই ১০টি অনিষ্পন্ন অডিট আপত্তির ব্রডশীট জবাব স্থানীয় ও রাজস্ব অডিট অধিদফতরে নিষ্পত্তির জন্য শীঘ্রই প্রেরণ করা হবে।<br><br>**সমাজসেবা অধিদফতর:** সমাজসেবা অধিদফতরে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত ৯২২টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে।<br><br>**জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন:** জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ডিসেম্বর-২০১৭ পর্যন্ত ৩৯টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। দ্বিপক্ষীয় সভা আহ্বানের লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদফতরে পত্র প্রেরণ করা হয়েছে।<br>**জাতীয় সমাজকল্যাণ পরিষদ:** জাতীয় **সমাজকল্যাণ পরিষদ** ডিসেম্বর-২০১৭ পর্যন্ত ১৭টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। | (১) মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আহবান করতে হবে।<br>(২) সমাজসেবা অধিদফতরের অডিট আপত্তি গুলো বিভাগভিত্তিক বিভাজন করতে হবে।<br><br>(৩) বিভাগীয় পরিচালক কমিটি করে অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করবেন।<br><br>(৪) জতীয় সমাজকল্যাণ পরিষদের নির্ধারিত খাতের স্থলে ভিন্ন খাতে (সরকারি) জমা হওয়া টাকা উত্তোলনপূর্বক নির্ধারিত খাতে জমা দিয়ে অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে। | সংস্থা প্রধান ও যুগ্মসচিব (বাজেট ও আইসিটি), সকম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | খ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত; | খ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের নভেম্বর-২০১৭ মাসের মাসিক প্রতিবেদন স্মারক নং-৬৮২ তারিখঃ ১৩/১২/২০১৭ যোগে মাহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে । | খ. যৌতুক নিরোধ বিষয়ক প্রচারণামূলক কার্যক্রমের অগ্রগতি নিয়মিত প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, অতিরিক্ত সচিব (কার্যক্রম),সহকারি সচিব (সানিশা), সকম। |
| | গ.হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি সংক্রান্ত; | গ. হিজড়া জনগোষ্ঠীকে আবাসনের মাধ্যমে পুনর্বাসনের জন্য ১০টি জেলার জেলা প্রশাসকগণকে দু একর জমি অধিগ্রহণের জন্য অধিদফতরের স্মারক নং- ৬০ তারিখ: ২২-৩-২০১৭ যোগে পত্র প্রেরণ করা হয়েছিল। পুনরায় পত্র প্রেরণের বিষয়ে কোন অগ্রগতি সমাজসেবা অধিদফতর হতে পাওয়া যায়নি। | (১) হিজড়া জনগোষ্ঠীকে আবাসনের বিষয়ে ১০ জেলার জেলা প্রশাসকগণকে পুনরায় পত্র দিতে হবে।<br><br>(২) জেলা প্রশাসকগণ কর্তৃক জমি প্রদানের বিষয়ক তথ্য মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, অতিরিক্ত সচিব (কার্যক্রম); উপসচিব (কর্মসূচি-১) |
| | ঘ.বিভাগীয় সমাজসেবা কার্যালয় বিষয়ক | ঘ. বিভাগীয় সমাজসেবা কার্যালয় বিষয়ে সিলেট বিভাগের চার জেলার বিভিন্ন কার্যালয়/প্রতিষ্ঠানের সমস্যাবলী ও গৃহীত কার্যক্রম এর পরিদর্শন প্রতিবেদনের উপর আলোচনা হয় । নির্ধারিত 'ছক' অনুযায়ী পরিদর্শন প্রতিবেতন নিয়মিত প্রেরণের জন্য সভায় নিদের্শ প্রদান করা হয়। | (১) বিভাগীয় পরিচালকগণ ফেব্রুয়ারি-২০১৮ মাসের মধ্যে স্ব স্ব বিভাগীয় কার্যালয় ভাড়া করার কাজ সম্পন্ন করবেন।<br><br>(২) বিভাগীয় পরিচালকগণ তাঁর আওতাধীন বিভিন্ন কার্যালয় পরিদর্শন পূর্বক একটি নির্দিষ্ট ছকে প্রতিবেদন মাসিক সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন । | যুগ্মসচিব (কার্যক্রম),বিভাগীয় পরিচালক, সমাজসেবা অধিদফতর। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
**মোঃ জিল্লার রহমান**
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়।

স্মারক: ৪১.০০.০০০০.০৩৩.০৬.০২৯.১৬.৪৪৫

২৫ মাঘ ১৪২৪
০৭ ফেব্রুয়ারি ২০১৮

**বিতরণ: সদয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন/পরিকল্পনা, উন্নয়ন ও আইন/প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা/কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর-১৪, ঢাকা।
৪. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ১৩২ নিউ ইস্কাটন, ঢাকা।
৫. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা।
৬. যুগ্মসচিব (প্রতিবন্ধিতা/ বাজেট ও ব্যবস্থাপনা, কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০৯. নির্বাহী পরিচালক (যুগ্মসচিব), শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, স্টেশন রোড, টংগী, গাজীপুর।
১০.পরিচালক,বিভাগীয় কার্যালয় (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ) সমাজসেবা অধিদফতর।
১১. উপসচিব (প্রশাসন-১/প্রশাসন-২/প্রশাসন-৩/প্রশাসন-৫ অধিশাখা/প্রশাসন-৬ শাখা/প্রশাসন-৭ অধিশাখা/আইন ও সংস্থা অধিশাখা/প্রতিবন্ধিতা বিষয়ক শাখা/প্রতিষ্ঠান অধিশাখা/প্রকশনা, গবেষণা ও মূল্যায়ন/কার্যক্রম/এনডিডি ও অটিজম অধিশাখা/উপপ্রধান (পরিকল্পনা ও উন্নয়ন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্রশাসন-৬ শাখা/সামাজিক নিরাপত্তা শাখা/অডিট), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১/২), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সিস্টেম এনালিষ্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(তাঁকে জানুয়ারি-২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
১৭. প্রশাসনিক কর্মকর্তা (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

*** সংশ্লিষ্ট সকলকে ১৫ ফেব্রুয়ারি-২০১৮ এর মধ্যে সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রম ও অগ্রগতি প্রতিবেদন প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**

স্বাক্ষরিত/-
**জি.এম. আককাচ হোসেন**
উপসচিব (প্রশাসন-৩ শাখা)
ফোন: ৯৫১৫৫৩৪
E-mail: parliament_mosw@yahoo.com

**জ্ঞাতার্থে**

১। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।